মুজিবনগরের বল্লভপুর হাসপাতাল ও পূজা মন্ডপ পরিদর্শনে জেলা প্রশাসক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর হাসপাতাল ও বল্লভপুর পূজা মন্ডপ পরিদর্শন করেছেন মেহেরপুরের জেলা প্রশাসক। গতকাল শনিবার বিকেল ৪টাই মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের বল্লভপুর হাসপাতাল এবং বল্লভপুর পূজা মন্ডপ পরিদর্শন করেন মেহেরপুরের জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ আবদুল ছালাম।

তিনি বল্লভপুর হাসপাতাল পরিদর্শনের সময় হাসপাতালের বৃদ্ধাশ্রমে থাকা বৃদ্ধদের সার্বিক খোঁজখবর নেন এবং হাসপাতাল কর্তৃপক্ষের সাথে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং পরামর্শ দেন।

হাসপাতাল পরিদর্শন শেষে বল্লভপুর দাসপাড়া মন্দিরে যান এবং আগামী শারদীয় দুর্গাপূজার প্রস্তুতি সম্পর্কে খোঁজখবর নেন। এসময় উপস্থিত ছিলেন, জেলার অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব, শিক্ষা ও আইসিটি এবং বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট) তাজওয়ার আকরাম সাকাফি ইবনে সাজ্জাদ ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

বল্লভপুর বৃদ্ধাশ্রমে সেলিম রেজার উদ্যোগে খাবার ও তোয়ালে বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামে অবস্থিত বল্লভপুর মিশন হাসপাতালের বৃদ্ধাশ্রমের বাসিন্দাদের মাঝে খাবার ও তোয়ালে বিতরণ করেছেন মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের মৃত নইমুদ্দিন শা (নয়ন শা) এর ছেলে সেলিম রেজা। আজ শুক্রবার দুপুরে বৃদ্ধাশ্রমে

বাসিন্দাদের মাঝে খাবার ও তোয়ালে বিতরণ করা হয়।

মানবিক এ উদ্যোগে পরিবার থেকে নির্বাসিত বৃদ্ধাশ্রমে স্থান হওয়া প্রতিটি বৃদ্ধা ও বৃদ্ধের হাতে একটি করে তোয়ালে তুলে দেওয়া হয় এবং তাদের জন্য দুপুরের খাবারের বিশেষ আয়োজন করা হয়। এ সময় সেলিম রেজা ও তার বড় ভাই জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য এবং সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ নিজ হাতে খাবার পরিবেশন করেন এবং উপস্থিত সকলের খোঁজ খবর নেন। এছাড়াও তারা বৃদ্ধাশ্রম এর বাসিন্দাদের সুবিধা-অসুবিধা সম্পর্কেও জানতে চান।

খাবার বিতরণ শেষে সংক্ষিপ্ত এক বক্তব্যে সেলিম রেজার বড় ভাই আব্দুর রশিদ বলেন, “সমাজের প্রবীণরা আমাদের অভিভাবক। তাদের পাশে দাঁড়ানো আমাদের দায়িত্ব ও কর্তব্য। আমার অনুপ্রেরণায় ও আমার ছোট ভাইয়ের অর্থায়নে তাদের জন্য সামান্য কিছু করার চেষ্টা করেছি ভবিষ্যতেও এইসব বৃদ্ধাশ্রমের অসহায় বাসিন্দাদের পাশে আমি সহ আমার পরিবার সবসময় থাকবে। এ সময় তিনি উপস্থিত সবার কাছে নিজের পরিবারের জন্য দোয়া প্রার্থনা করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী, ছাত্রদলের নেতৃবৃন্দ এবং কেদারগঞ্জ বাজার কমিটির সাধারণ সম্পাদক উদ্দিন, হাসপাতালের কর্মকর্তা সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

মুজিবনগরের বল্লভপুর ক্রিসমাস সেলিব্রেশন অনুষ্ঠিত

প্রাক্ বড়দিন উপলক্ষে ক্রিসমাস সেলিব্রেশন,সাংস্কৃতিক অনুষ্ঠান, বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ এবং,বার্ষিক অনুষ্ঠান ও উপহার বিতরণ অনুষ্ঠিত হয়েছে মুজিবনগরের বল্লভপুর আর্শীবাদ এজি স্কুল এন্ড হোপ সেন্টারে।

প্রাক্ বড়দিনের ক্রিসমাস সেলিব্রেশন উপলক্ষে বুধবার বেলা ১২ সময় বল্লভপুর আর্শীবাদ এজি স্কুল এন্ড হোপ সেন্টারের আয়োজনে, স্কুল প্রাঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

স্থানীয় ইনচার্জ যাজক সরোজ মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নবাগত নির্বাহী অফিসার আজগর আলী।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, বল্লভপুর ডিনারীর ডিন রেভারেন্ট মৃত্যুঞ্জয় মন্ডল, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক।

অনুষ্ঠানে অতিথিবৃন্দের সামনে নাচ পরিবেশন করেন স্কুলের শিক্ষাথী রচনা, মার্থা, মেরী অধরা, জয়িতা, অপর্না মেঘ, রাত্রী ও প্রত্যাশা।
অনুষ্ঠানের শুরুতে গান গেয়ে অতিথিবৃন্দকে স্বাগতম ও ফুলদিয়ে শুভেচ্ছা জানান স্কুলের শিক্ষার্থীবৃন্দ।

প্রার্থনা, বাইবেল পাঠ, শুভেচ্ছা বক্তব্য ইংরেজী ও বাংলা কবিতা পাঠ,নাচ,গান প্রাক্ বড়দিন সম্পর্কে অতিথিদের কিছু কথা এবং পুরস্কার বিতরণের মধ্যদিয়ে শেষ হয় বল্লভপুর আশির্বাদ এ জি স্কুল অ্যান্ড হোপ সেন্টারের ক্রিসমাস সেলিব্রেশনের অনুষ্ঠান।

মুজিবনগরে বল্লভপুর মুসলিমপাড়া ক্লাবের আয়োজনে মাস্ক বিতরণ

মুজিবনগর উপজেলার বল্লভপুর মুসলিমপাড়া সার্বিক উন্নয়ন ক্লাবের আয়োজনে পথচারীদের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

শনিবার বিকালে বল্লভপুর তিন রাস্তার মোড়ে এ সকল মাস্ক বিতরণ করা হয়।

মাস্ক বিতরণের সময় বল্লভপুর মুসলিমপাড়া সার্বিক উন্নয়ন ক্লাবের সাবেক সভাপতি বর্তমান প্রধান উপদৃষ্টা সাংবাদিক হাসান মুস্তাফিজুর রহমান শের খান, ক্লাবের উপদৃষ্টা ওয়াসিম শেখ,আমিরুল ইসলাম, ক্লাবের সভাপতি সেলিম রেজা, সাধারন সম্পাদক মতিউর রহমান

খানসহ ক্লাবের সকল সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

এ সময় পথচারীদের মাঝে মোট একশত পিচ মাস্ক বিতরন করা হয়।

এবং করোনা ভাইরাস থেকে রক্ষা পেতে সবসময় মাস্ক পরিধান করার আহব্বান জানানো হয়।

মেপ্র/আরপি